

সীমিত

কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd
ফোন : ৭৪০৩৯১-৫ বর্ধিত ৬৭২৫
ই-মেইল : csd@navy.mil.bd


২৫ ভাদ্র ১৪২৬

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১০৮.১৯ ২৩২৪

০৭ সেপ্টেম্বর ২০১৯

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

- ১। বানৌজা বরকত এর নিম্নবর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ
- 02 in no BASCCA set face mask, cylinder valve, gauge, relief valve, demand valve, waist belt, back plate and whistle defective due to fair wear and tear. BASCCA sets to be checked and repaired/ renewed as necessary.
- ২। **Repair/Renew কাজ সংক্রান্ত বিবরণ।** উক্ত Repair/Renew কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তাও উল্লেখ করতে হবে।
- ৩। **যন্ত্রপাতি/যন্ত্রাংশ/আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ।** মেরামত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট জাহাজের আইটেমসমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে Set সমূহের কাজ সম্পাদন করতে হবে।
- ৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। মেরামত কাজে আসল (Original), নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।
- ৫। **তত্ত্বাবধায়ক শপ/ঘাঁটি/জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং ও রিচার্জিং স্টেশন এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।
- ৬। **জনবলের সার্বিক নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক নিরাপত্তা সরবরাহকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।
- ৭। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন উল্লিখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ Set সমূহের সচলতার টেস্ট/ ট্রায়াল সম্পাদন করবে।
- ৮। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য অনধিক মোট মূল্যের ১০% সর্বোচ্চ জরিমানা করতে পারবে।
- ৯। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ দাখিলকৃত বিল সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।
- ১০। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ২৬ সেপ্টেম্বর ২০১৯, ১১৩০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।
- ১১। আগামী ২৬ সেপ্টেম্বর ২০১৯, ১২০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সনুখে টেন্ডার বাক্স খোলা হবে।
- ১২। কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএন ডকইয়ার্ড সিআর নং ২৫৩১৯০০০০৭ তারিখ ১০ জুলাই ২০১৯)।
- ১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।
- ১৪। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে ডেপুটি জেনারেল ম্যানেজার প্ল্যানিং এন্ড এন্টিমেটিং এর আউট সাইড এজেন্সি, বিএন ডকইয়ার্ড এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- ১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা রাখে।
- ১৬। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।
- ১৭। দরপত্র টেন্ডার বক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।


এম নওশাদ বিন আব্দুল্লাহ
কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণ :
বহিস্থ :